প্রদান কর আরও অধিক উজাড় করি বিত্ত ।৮

প্রথমং মণ্ডলং। চতুর্থোঽনুবাকঃ। দ্বাদশং সূক্তং। প্রথমোঽধ্যায়ঃ।
দ্বাবিংশস্ত্রয়োবিংশশ্চ বর্গঃ।

দ্বাদশং সূক্তম্

ঋষিঃ কণ্বপুত্রোমেধাতিথিঃ। গায়ত্রীচ্ছন্দঃ। অগ্নির্দ্দেবতা।
আগ্নেয় যজ্ঞে বিনিয়োগঃ।

অগ্নিং দূতং বৃণীমহে হোতারং বিশ্ববেদসং।

অস্য যজ্ঞস্য সুক্রতুং ॥১॥

অগ্নিং দূতং দেবদূতং বৃণীমহে সংভজামঃ। কীদৃশং হোতারং দেবা-নামাহ্বাতারং বিশ্ববেদসং সর্ব্বধনোপেতং অস্য প্রবর্ত্তমানস্য যজ্ঞস্য নিষ্পাদকত্বেন সুক্রতুং শোভনকর্ম্মাণং শোভনপ্রজ্ঞং বা।

অগ্নিমগ্নিং হবীমভিঃ সদা হবন্ত বিশ্‌পতিং।

হব্যবাহং পুরুপ্রিয়ং ॥২॥

যদ্যপ্যগ্নিঃ স্বরূপেনৈক এব তথাপি প্রয়োগভেদাদাবহনীয়াদি স্থানভেদাৎ পাবকাদি, বিশেষণভেদাদ্বা বহুবিধ ত্বমভিপ্রেত্যাগ্নিমগ্নিমিতি বীপ্সা। তং হবীমভিরাহ্বানকারণৈর্মন্ত্রৈ সদা হবন্তঃ নিরন্তরমনুষ্ঠাতার আহ্বয়ন্তি। কীদৃশং বিশ্‌পতিং বিশাং প্রজানাং হোত্রাদীনাং পালকং হব্যবাহং যজমানসমর্পিতস্য হবিষো দেবান্ প্রতি বোঢ়ারং অতএব পুরুপ্রিয়ং বহুনাং প্রীত্যাস্পদং।

অগ্নে দেবাঁ ইহাবহ জজ্ঞানো বৃক্তবর্হিষে।

অসি হোতা ন ঈড্যঃ ॥৩॥

হে অগ্নে জজ্ঞানোঽরণ্যোরুৎপন্নস্তং বৃক্তবর্হিষে আস্তরণার্থং ছিন্নেন বর্হিষা যুক্তায়। তং যজমানমনুগ্রহীতুমিহ কর্ম্মণি হবির্ভুজো দেবামাবহ। নোঽস্মদর্থং হোতা দেবানামাহ্বাতা ত্বমীড্যঃ স্তুত্যোঽসি।

তাঁ উশতো বিবোধয় যদগ্নে যাসি দূত্যং।

দেবৈরাসৎসি বর্হিষি ॥৪॥

হে অগ্নে যদ্যস্মাৎ কারণাদ্দূত্যং যাসি। দেবানাং দূতকর্ম্ম প্রাপ্তোঽসি। তস্মাৎ কারণাদুশতো হবিঃ কাময়মানান্ তান্ দেবান্ হবিঃ স্বীকারার্থং বিবোধয়। বিবোধ্য চ বর্হিষি অস্মিন্ কর্ম্মণি তৈর্দেবৈ সহ আসৎসি আসীদ আগত্যোপবিশ।

ঘৃতাহবন দীদিবঃ প্রতি ষ্ম রিষতো দহ।

অগ্নে ত্বং রক্ষস্বিনঃ ॥৫॥

হে ঘৃতাহবন ঘৃতেনাহূয়মান দীদিবো দীপ্যমানাগ্নে ত্বং রক্ষস্বিনো রাক্ষোযুক্তান্ রিষতো হিংসকান্ প্রত্যস্মাকং প্রতিকূলান্ দহস্ব। সর্ব্বদা ভস্মীকুরু।

অগ্নিনাগ্নিঃ সমিধ্যতে কবির্গৃহপতির্যুবা।

হব্যবাড়্ জুহ্বাস্যঃ ॥৬॥

অগ্নিরাহবনীয়াখ্যস্তস্মিন্ প্রক্ষিপ্যমাণেনাগ্নিনা নির্মথ্যেন প্রণীতেন বা সহ সমিধ্যতে। সম্যগ্ দীপ্যতে। কবির্মেধাবী। গৃহপতির্যজমানগৃহস্য পালকঃ যুবা নিত্যতরুণঃ হব্যবাট্ হবিষো বোঢা জুহ্বাস্য জুহূরূপেণ মুখেন যুক্তঃ॥

কবিমগ্নিমুপস্তুহি সত্যধর্ম্মাণমধ্বরে।

দেবমমীবচাতনং ॥৭॥

হে স্তোতৃসংঘ। অধ্বরে ক্রতৌ অগ্নিমুপস্তুহি উপেত্য স্তুতিং কুরু। কবিং মেধাবিনং সত্যধর্ম্মানং সত্যবচনরূপেণ ধর্ম্মেণোপেতং দেবং দ্যোতমানং অমীবচাতনং অমীবানাং হিংসকানাং শত্রূণাং রোগাণাং বা ঘাতকং।

যস্ত্বামগ্নে হবিষ্পতির্দূতং দেব সপর্য্যতি।

তস্য স্ম প্রাবিতা ভব ॥৮॥

হে অগ্নে দেব যো হবিষ্পতির্যজমানো দেবদূতং ত্বাং সপর্য্যতি পরিচরতি। তস্য যজমানস্য প্রাবিতা ভবস্ম অবশ্যং রক্ষকো ভব।

যো অগ্নিং দেববীতয়ে হবিষ্মাঁ আবিবাসতি।

তস্মৈ পাবক মৃড়য় ॥৯॥

হবিষ্মান্ হবির্যুক্তো যো যজমানো দেববীতয়ে দেবানাং হবির্ভক্ষণহেতু যাগার্থমগ্নিম্ আবিবাসতি। অগ্নেঃ সমীপে বিশেষেণাগত্য পরিচর্য্যাং করোতি। হে পাবকায় তস্মৈ মৃড়ায়—তং যজমানং সুখয়।

স নঃ পাবক দীদিবোঽগ্নে দেবাঁ ইহাবহ।

উপযজ্ঞং হবিশ্চ নঃ ॥১০॥

হে দীদিবো দীপ্যমান পাবক শোধকাগ্নে স ত্বং নোঽস্মদর্থমিহ দেবযজন দেশে দেবানাবহ। ততো নোঽস্মদীয়ং যজ্ঞং তত্রত্য হবিশ্চোপ দেবসমীপে প্রাপয়।

স নঃ স্তবান আ ভর গায়ত্রেণ নবীয়সা।

রয়িং বীরবতীমিষং ॥১১॥

হে অগ্নে নবীয়সা নবতরেণ পূর্ব্বৈরপ্যসম্পাদিতেন গায়ত্রেণ গায়ত্রীচ্ছান্দস্কেনানেন সূক্তেন স্তবানঃ স্তূয়মানঃ স ত্বং নোঽস্মদর্থং রয়িং ধনং বীরবতীং শূরপুত্রপ্রভৃত্যপত্যযুক্তামিষমন্নং চাভর। সম্পাদয়।

অগ্নে শুক্রেণ শোচিষা বিশ্বাভির্দ্দেবহূতিভিঃ।

ইমং স্তোমং জুষস্ব নঃ ॥১২॥

হে অগ্নে শুক্রেণ শোচিষা ত্বদীয় শ্বেতবর্ণ দীপ্ত্যা বিশ্বাভির্দ্দেবহূতিভিস্ত্বৎকৃতসর্ব্বদেবতাহ্বানসাধনস্তোত্রৈশ্চ যুক্তস্ত্বং নোঽস্মদীয়মিমং স্তোমং স্তোত্রবিশেষং জুষস্ব সেবস্ব।

দ্বাদশ সূক্ত

অগ্নি তোমায় বরণ করি হোতা ও দূত দেব দলে,
সর্ব্ব ধনের স্বামী তুমি, পূর্ণ কর যজ্ঞ ফলে ।১

হে বিচিত্র অগ্নি তোমায় হবন করি হবি দানে,
লোকপ্রিয়, প্রজাপালক হব্য লহ স্বর্গ পানে ।২

জন্ম তোমার অরণিতে, বন্দনীয় হোতা তুমি
দেবগণে হেথায় আনো, ছিন্ন কুশে বৃত তুমি ।৩

দৌত্য তোমার কর্ম্ম প্রিয় উদ্বোধিত কর সুরে,
কুশাসনের পরে হেথায় এস তুমি যজ্ঞপুরে ।৪

দীপ্তিশালী অগ্নি তুমি, ঘৃতে তোমায় হবন করি,
পাপাচারী হিংসাকারী দলে কর মোদের অরি ।৫

দীপ্ত বদন হব্য বাহন যজমানের গৃহপতি,
নিত্যতরুণ অগ্নি কবি অগ্নি দিয়ে জানাই রতি ।৬

দীপ্তি উজল শত্রুদমন সত্যে যাহার হৃদয় ভরা,
মেধাবী যে অগ্নিদেবে স্তুতি করতে এস ত্বরা ।৭

হে দেবতা তোমায় জানি দেবগণের বার্ত্তাবহ,
রক্ষা কর যজমানে তাহার দেওয়া অর্ঘ্য লহ ।৮

যে জন নিতি দেবোদ্দেশে অগ্নি তোমায় পূজন করে,
হবিস্পতি তারে পাবক, রেখ তুমি সুখ ভরে ।৯

ডাক হেথায় সুরগণে
দীপ্ত পাবক হে হুতাশন !
যজ্ঞ মোদের, হবি মোদের,
দেবলোকে কর বহন ।১০

গায়ত্রী এই ছন্দে নূতন,
স্তুতি করি সকল ক্ষণে,
দাও অপত্য বীর্য্যশালী,
ঋদ্ধ কর প্রচুর ধনে ।১১

শুভ্র শুচি তোমার শিখা,
অশেষ মোদের দেবহূতি
এস তুমি দীপ্তি উজ্জ্বল
গ্রহণ কর মোদের স্তুতি ।১২

প্রথমং মণ্ডলং। চতুর্থোঽনুবাকঃ। ত্রয়োদশং সূক্তম্।
প্রথমোঽষ্টকঃ। প্রথমোঽধ্যায়ঃ। চতুর্বিংশ পঞ্চবিংশশ্চবর্গৌ।

ত্রয়োদশং সূক্তং

ঋষি কণ্বপুত্রো মেধাতিথিঃ গায়ত্রীচ্ছন্দঃ। অগ্নির্দ্দেবতা,
তস্য আপ্রীসূক্তস্য পশুযাগে বিনিয়োগঃ।

সুসমিদ্ধো ন আবহ দেবাঁ অগ্নে হবিষ্মতে।
হোতঃ পাবক যক্ষি চ ॥১॥

হে অগ্নে সুসমিদ্ধনামকস্ত্বং নোঽস্মদীয়ায় হবিষ্মতে যজমানায় তদনুগ্রহার্থং দেবানাবহ। হে পাবক শোধক হোর্তহোমনিষ্পাদকাগ্নে যক্ষি চ যজ চ।

মধুমন্তং তনূনপাদ্ যজ্ঞং দেবেষু নঃ কবে।
অদ্যা কৃণুহি বীতয়ে ॥২॥

হে কবে মেধাবিন্ অগ্নে তনূনপাদেতন্নামক ত্বমদ্যাস্মিন্ দিনে নোঽস্মদীয়ং মধুমন্তং রসবন্তং যজ্ঞং হবির্বীতয়ে ভক্ষার্থং দেবেষু কৃণুহি কুরু প্রাপয়।

নরাশংসমিহ প্রিয়মস্মিন্ যজ্ঞ উপহ্বয়ে।
মধুজিহ্বং হবিষ্কৃতং ॥৩॥

ইহ দেবজনদেশেঽস্মিন্ প্রবর্ত্তমানে যজ্ঞে নরাশংসমেতন্নামকমগ্নিমুপহ্বয়ে আহ্বয়ামি। প্রিয়ং দেবানাং প্রীতিহেতুং মধুজিহ্বং মধুরভাষিতজিহ্বোপেতং মাধুর্য্যঃরসাস্বাদকজিহ্বোপেতং বা হবিষ্কৃতং হবিষো নিষ্পাদকং।

অগ্নে সুখতমে রথে দেবাঁ ঈড়িত আবহ।

অসি হোতা মনুর্হিতঃ ॥৪॥

হে অগ্নে ঈড়িতোঽস্মাভিস্তুতঃ সন্ সুখতমেঽতিশয়েন সুখহেতৌ। কস্মিংশ্চিদ্ রথে দেবান্ স্থাপয়িত্বা কর্মভূমাবহ। মনুর্হিতঃ মন্ত্রেণ মনুষ্যেন বা যজমানাদিরূপেণ হিতোঽত্র স্থাপিত স্বং হোতা দেবানামাহ্বাতাসি।

স্তৃণীত বর্হিরানুষগ্ ঘৃতপৃষ্ঠং মনীষিণঃ।

যত্রামৃতস্য চক্ষণং ॥৫॥

হে মনীষিনো বুদ্ধিমন্ত ঋত্বিজঃ বর্হির্দর্ভং স্তৃনীত বেদেরুপর্য্যাচ্ছাদয়ত। অত্রাপি বর্হিনামকোঽগ্নিঃ সূচ্যতে। কীদৃশং বর্হিরাস্তরনীয়ং আনুষক্ অনুক্রমেণ সক্তং পরস্পরসংবদ্ধং ঘৃতপৃষ্ঠং ঘৃতপূর্ণানাং স্রচাং সাদিতত্বাদ্ ঘৃতং পৃষ্ঠং উপরিভাগে যস্য বর্হিষস্তদঘৃতপৃষ্ঠং। যত্র যস্মিন্ বর্হিষ্যমৃতস্য অমৃতসমানস্য ঘৃতস্য চক্ষণং দর্শনং ভবতি। যদ্বা মরণ রহিতস্য দেবস্য বর্হিনামকস্যাগ্নের্দশনং ভবতি।

বি শ্রয়ন্তামৃতাবৃধো দ্বারো দেবীরসশ্চতঃ।

অদ্যা নূনং চ যষ্টবে ॥৬॥

দ্বারো যজ্ঞস্য শালাদ্বারানি বিশ্রয়ন্তাং কপাটোদঘাটনেন বিশ্রিয়ন্তাং। ঋতাবৃধঃ ঋতস্য সত্যস্য যজ্ঞস্য বা বর্দ্ধয়িত্র্যঃ। দেবীঃ দ্যোতমানাঃ অসশ্চতঃ অসশ্চন্ত্যা উদঘাটনেন প্রবেষ্টৃপুরুষসঙ্গরহিতাঃ যদ্বা অসশ্চতঃ

প্রবেষ্টৃপুরুষরহিতান্ যজ্ঞগৃহান্ তৎপুরুষপ্রবেশায় দ্বারাভিমানিন্ত এতৎসংজ্ঞক-অগ্নিবিশেষমূর্ত্তয়ো বিশ্রয়ন্তাং বিশেষেণ সেবন্তাং। দ্বার-সেবয়া তত্র পুরুষপ্রবেশেন কিং প্রয়োজনমিতি তদুচ্যতে। অদ্যাস্মিন্ দিনে নূনং অবশ্যং যষ্টবে যষ্টুং। চকারাদ্দিনান্তরেষ্বপি দ্রষ্টব্যং।

নক্তোষাসা সুপেশসাস্মিন্ যজ্ঞ উপহ্বয়ে।

ইদং নো বর্হিরাসদে ॥৭॥

নক্ত শব্দ উষঃ শব্দশ্চ লোকে কালবিশেষবাচিনৌ। ইহ তু তৎ-কালাভিমানিবহ্নিমূর্ত্তিদ্বয়ে প্রযুজ্যেতে। নক্তোষাসা নক্তোষো-নামিকে বহ্নিমূর্ত্তী অস্মিন্ প্রবর্ত্তমানে যজ্ঞকর্ম্মণি উপহ্বয়ে আহ্বয়ামি। নোঽস্মদীয়ং বেদ্যামাস্তীর্ণং বর্হির্দর্ভমাসদে আসর্ত্তুং প্রাপ্তুং সুপেশসা শোভনরূপযুক্তে।

তা সুজিহ্বা উপহ্বয়ে হোতারা দৈব্যা কবী।

যজ্ঞং নো যক্ষতামিমং ॥৮॥

তা তৌ যাজ্ঞিকানাং প্রসিদ্ধৌ দ্বাবগ্নী উপহ্বয়ে আহ্বায়ামি। নোঽস্মদীয়ং যজ্ঞং যক্ষতাং তাবুভৌ যজতামনুতিষ্ঠতাং। কীদৃশৌ সুজিহ্বা শোভনজিহ্বোপেতৌ প্রিয় বচনৌ শোভনজ্বালৌ বা ইত্যর্থঃ। হোতারা হোমনিষ্পাদকৌ দৈব্যা দৈব্যৌ দেবসম্বন্ধিনৌ অতএবেমাবগ্নী দৈব্যাহোতৃ নামকৌ কবী মেধাবিনৌ।

ইড়া সরস্বতী মহী তিস্রো দেবীর্ময়োভুবঃ।

বর্হিসীদন্ত্বস্রিধঃ ॥৯॥

অত্র মহী শব্দো মহত্বগুণযুক্তাং ভারতীমাচষ্টেঽন্যেষু আপ্রীসূক্তেষু সদৃশেষু ইডাসরস্বতী ভারতীত্যাম্নাতত্বাৎ। ইড়াদিশব্দাভিধেয়া বহ্নি মূর্ত্তয়স্তিস্রো দেবীর্দীপ্যমানা বর্হির্বেছামাস্তীর্ণং সীদন্তু। প্রাপ্নুবন্তু। ময়োভুবঃ সুখোৎপাদকাঃ অস্রিধঃ শোষেণ বা ক্ষয়েণ বা রহিতাঃ।

ইহ ত্বষ্টারমগ্রিয়ং বিশ্বরূপমুপহ্বয়ে।

অস্মাকমস্তু কেবলঃ ॥১০॥

ত্বষ্টারং ত্বষ্টৃনামকমগ্নিমিহ কর্ম্মণ্যুপহ্বয়ে। অগ্রিয়ং শ্রেষ্ঠং বিশ্বরূপং। বহুবিধরূপোপেতং নোঽস্মাকং কেবলোঽসাধারণোঽস্তু। ইতরযজমানেভ্যোঽপ্যধিকম্ অনুগ্রহং করোতু।

অব সৃজা বনস্পতে দেব দেবেভ্যো হবিঃ।

প্র দাতুরস্তু চেতনং ॥১১॥

হে বনস্পতে এতন্নামকাগ্নে দেব হবির্ভুগ্ভ্যো দেবেভ্যোঽস্মদীয়ং হবিরবসৃজ সমর্পয়। প্রদাতুর্যজমানস্য চেতনং পরলোকবিষয়ং বিজ্ঞানং ত্বৎপ্রসাদাদস্তু।

স্বাহা যজ্ঞং কৃণোতনেন্দ্রায় যজ্বনো গৃহে।

তত্র দেবাঁ উপহ্বয়ে ॥১২॥

স্বাহাশব্দ হবিঃ প্রদানবাচী সন্ এতন্নামকমগ্নিবিশেষং লক্ষয়তি। তদগ্নিসম্পাদিতং যজ্ঞমিন্দ্রায় ইন্দ্রতুষ্ট্যর্থং যজ্বনো যজমানস্য গৃহে ঋত্বিজঃ কৃণোতন কুরুত। তত্র যজ্ঞে দেবানুপহ্বয়ে।

ত্রয়োদশ সূক্ত

সুসমিদ্ধ পাবক অগ্নি ! ডাক হেথায় সুরগণে,
হবির্দাতা মোদের লাগি যজন কর প্রীত মনে ।১

তনূনপাৎ অগ্নি তুমি, যজ্ঞ মোদের মধুমন্ত,
লহ কবি দেবসেবায় হবি মোদের রসবন্ত ।২

তোমায় ডাকি যজ্ঞে মোদের নারশংস হে হুতাশন !
প্রিয় তুমি মধুজিহ্ব, হবি তোমার পায় যে শরণ ।৩

সুখতম রথে আনো আরাধিত দেবগণে,
হোতা তুমি ইড়া অগ্নি, হিত কর সকল জনে ।৪

হে মনিষী ঋত্বিকেরা ছড়িয়ে দাও আজকে কাজে
ঘৃত পৃষ্ঠ বর্হি সকল অমৃত যার বক্ষে রাজে ।৫

সত্যদীপক, দ্যুতি উজ্জ্বল যজ্ঞদ্বারের কপাট খোলো,
যে দ্বার দিয়ে লোক না পশে, যাগসাধনে আর না ভোলো ।৬

যজ্ঞে তোমায় ডাকি অগ্নি, নক্ত উষা তোমায় বলে,
বসবে হেথায় দর্ভাসনে, শোভনরূপে শিখা জ্বলে ।৭

হে সুজিহ্ব হোতৃযুগল এস দোঁহে লহ আসন
তোমরা কবি দিব্য দুজন যজ্ঞে মোদের কর যাজন ।৮

ইড়া, সরস্বতী, মহী অগ্নি দেবের তিনটি শিখা
জ্বলুক সুখে দর্ভাসনে ক্ষয় যে তাহার নাহি লিখা ।৯

বিশ্বরূপা ত্বষ্টা যিনি,　　　থাকুন তিনি যজ্ঞ ঘেরি,
তিনি কেবল আমাদেরি,　　　অগ্র তিনি অগ্রজেরি ।১০
বনস্পতি অগ্নি তুমি　　　হবি দেহ দেবজনে,
চেতন কর যজমানে　　　যাজন কর ফুল্লমনে ।১১
উপাসকের গৃহে তুমি　　　ইন্দ্র লাগি' জ্বলছ স্বাহা
ডাকি হেথায় সুরবৃন্দ　　　যজ্ঞ কর আজকে আহা ।১২

প্রথমং মণ্ডলং চতুর্থোঽনুবাকঃ। চতুর্দ্দশং সূক্তং। প্রথমোঽষ্টকঃ
প্রথমোঽধ্যায়ঃ। ষড়্বিংশঃ সপ্তবিংশশ্চ দ্বৌ বর্গৌ

চতুর্দ্দশং সূক্তং

ঋষিঃ কণ্বপুত্রো মেধাতিথিঃ। গায়ত্রীচ্ছন্দঃ। দেবতা বহ্ব্যঃ ব্যূঢ়-দ্বাদশাহস্য প্রথমে ছন্দোমে তৃতীয় সবনে বৈশ্বদেবশস্ত্রে বিনিয়োগঃ।

ঐভিরগ্নে দুবো গিরো বিশ্বেভিঃ সোমপীতয়ে।

দেবেভির্যাহি যক্ষি চ ॥ ১ ॥

হে অগ্নে এভিরিস্মন্ যজ্ঞে সম্ভাবিতৈর্বিশ্বেভির্দ্দেবেভিঃ সর্ব্বৈর্দ্দেবৈঃ সহ সোমপীতয়ে সোমপানোপেত-যাগার্থং দুবোঽস্মদীয়াং পরিচর্য্যাং গিরো-ঽস্মদীয়া স্তুতীশ্চ প্রত্যয়াহি আগচ্ছ। যক্ষি চ আগত্য যজ চ।

আ ত্বা কণ্বা অহূষত গৃণন্তি বিপ্র তে ধিয়ঃ।

দেবেভিরগ্ন আগহি ॥২॥

হে বিপ্র মেধাবিন্ অগ্নে কণ্বা মেধাবিন ঋত্বিজস্ত্বা যজ্ঞনিষ্পাদকং ত্বামাহূষত আহ্বয়ন্তি। তথা তে ধিয়স্ত্বদীয়ানি কর্ম্মানি গৃণন্তি কথয়ন্তি। ততো হে অগ্নে দেবাভির্দ্দেবৈ সদাগহি আগচ্ছ।

ইন্দ্রবায়ূ বৃহস্পতিং মিত্রাগ্নিং পূষণং ভগং।

আদিত্যান্ মারুতং গণং ॥৩॥

ইন্দ্রাদি দেবান্ মারুতং বায়ুনাং সম্বন্ধিনং গণং চ হে অগ্নে যক্ষীতি পদদ্বয়মনুবর্ত্ততে।

প্র বো ভ্রিয়ন্ত ইন্দবো মৎসরা মাদয়িষ্ণবঃ।

দ্রপ্সা মধ্বশ্চমূষদঃ ॥৪॥

হে ইন্দ্রাদি দেবা বো যুষ্মদর্থমিন্দবঃ সোমাঃ প্রভ্রিয়ন্তে। প্রকর্ষেণ সম্পাদ্যন্তে। মৎসরা তৃপ্তিকরাঃ মৎসরঃ সোমো মন্দতেস্তৃপ্তিকর্ম্মণঃ। নিঃ ২।৫ ইতি যাস্কঃ মাদয়িষ্ণবঃ হর্ষহেতবঃ। দ্রপ্সাঃ বিন্দুরূপাঃ মধ্বঃ মধুরাঃ চমূষদঃ চমূষু চমসাদিপাত্রেষু অবস্থিতাঃ।

ঈড়তে ত্বামবস্যবঃ কণ্বাসো বৃক্তবর্হিষঃ।

হবিষ্মন্তো অরংকৃতঃ ॥৫॥

হে অগ্নে তামীড়তে—ঋত্বিজঃ স্তুবন্তি। অবস্যবঃ—অবসং রক্ষণং তদ্বেতুন দেবানিচ্ছন্তঃ। কণ্বাসঃ। মেধাবিনঃ বৃক্তবর্হিষঃ আস্তরণার্থং ছিন্নদর্ভাঃ হবিষ্মন্তঃ হর্বিযুক্তাঃ অরং কৃতঃ অলঙ্কর্ত্তারঃ।

ঘৃতপৃষ্ঠা মনোযুজো যে ত্বা বহন্তি বহ্নয়ঃ।

আ দেবান্‌ৎ সোমপীতয়ে ॥৬॥

হে অগ্নে ত্বা ত্বাং যেঽশ্বা রথেন বহন্তি। ঘৃতপৃষ্ঠা পুষ্টাজ্যেন দীপ্ত পৃষ্ঠাঃ। মনোযুজঃ মনঃসংকল্পমাত্রেন রথে যুজ্যমানাঃ বহ্নয়ঃ বোঢারঃ। তৈরশ্বৈঃ সোমপানহেতুযাগার্থং দেবান আবহেতি শেষঃ॥

তান্ যজত্রাঁ ঋতাবৃধোঽগ্নে পত্নীবতস্কৃধি।

মধ্বঃ সুজিহ্ব পায়য় ॥৭॥

হে অগ্নে তানিন্দ্রাদীন্ যজত্রান্ যজনীয়ান্ ঋতাবৃধঃ সত্যস্য যজ্ঞস্য বা বর্দ্ধকান্ পত্নীবতঃ পত্নীযুক্তান্ কৃধি কুরু। হে সুজিহ্ব শোভনজিহ্বোপেত মধ্বোমধুরস্য সোমস্য ভাগং দেবান্ পায়য় ॥

যে যজত্রা য ঈড্যাস্তে তে পিবন্তু জিহ্বয়া।

মধোরগ্নে বষট্ কৃতি ॥৮॥

যে দেবা যজত্রা যষ্টব্যা তথা যে দেবা ঈড্যাঃ স্তুত্যাঃ। তে সর্ব্বেঽপি বষঢ্ কৃতি বষট্কারকালে বষট্কারযুক্তে যাগে বা হে অগ্নে তে ত্বদীয়য়া জিহ্বয়া মধোর্মধুরস্য সোমস্য ভাগং পিবন্তু।

আকীং সূর্য্যস্য রোচনাদ্বিশ্বান্দেবাঁ উষর্ব্বুধঃ।

বিপ্রো হোতেহ বক্ষতি ॥৯॥

বিপ্রো মেধাবী হোতা হোমনিষ্পাদকোঽগ্নিরুষর্ব্বুধ উষঃকালে যাগ গমনায় প্রবুদ্ধমানান্ বিশ্বান্ দেবান্ সূর্য্যস্য সম্বন্ধিনো রোচনাৎ স্বর্গ-লোকাদিহ কর্ম্মণ্যাকীং বক্ষতি আবহতু।

বিশ্বেভিঃ সোম্যং মধ্বগ্ন ইন্দ্রেণ বায়ুনা।

পিবা মিত্রস্য ধামভিঃ ॥১০॥

হে অগ্নে ত্বং বিশ্বেভিঃ সর্ব্বৈ পূষভগাদিভিঃ দেবৈরিন্দ্রেন বায়ুনা মিত্রস্য সম্বন্ধির্ভির্দ্ধামভিস্তেজোভিঃ মূর্ত্তিবিশেষরূপৈশ্চ সহ সোম্যং সোম-সম্বন্ধি মধু মধুরং ভাগং পিব।

ত্বং হোতা মনুর্হিতোঽগ্নে যজ্ঞেষু সীদসি।

সেমং নো অধ্বরং যজ ॥১১॥

হে অগ্নে মনুর্হিতো মনুষা হোত্রাদি রূপেণ মনুষ্যেণ হিতঃ সম্পাদিতো হোতা হোম নিষ্পাদতে ত্বং যজ্ঞেষু সীদসি। তিষ্ঠসি। স ত্বং নোঽস্মদীয়ং ইমমধ্বরং যজ্ঞং যজ নিষ্পাদয়।

যুক্ষ্বা হ্যরুষী রথে হরিতো দেব রোহিতঃ।

তাভির্দেবাঁ ইহাবহ ॥১২॥

হে দেবাগ্নে রোহিতো রোহিচ্ছব্দাভিধেয়াস্তদীয়া বড়বা রথে যুক্ষ্ব-যুজ যোজয়। হি শব্দ পাদপূরণার্থঃ। কীদৃশীঃ? অরুষীঃ গতিমতীঃ হরিষঃ হর্ত্তুং রথারূঢান্ পুরুষান্ নেতুং সমর্থাঃ তাভিবড়বাভিরিহাস্মিন্ কর্ম্মণি দেবানাবহ॥

চতুর্দ্দশ সূক্ত

বিশ্বদেবগণের সাথে এস অগ্নি যজ্ঞ মাঝে,
লহ মোদের সোম ও স্তুতি বৃত হও হে যজ্ঞ কাজে।১

কাণ্ব বংশ তোমায় ডাকে এস হেথায় দেবগণে,
অগ্নি তোমার কীর্ত্তি-কথা কীর্ত্তনিছে বিপ্রগণে।২

ইন্দ্র বায়ু বৃহস্পতি আদিত্য ও মরুদ্‌গণে,
ডাকি মোরা পূষণ ভগে মিত্র এবং হুতাশনে।৩

বিন্দুরূপ সোমসুধা সবার লাগি পাত্রে ভরি,
মধুর যাহা আনন্দময় হৃদয় মাতায় তৃপ্ত করি।৪

হবিষ্মন্ত ঋত্বিকেরা স্তুতি করে শরণ মাগি,
ছিন্নকুশে ব্যস্ত যারা দেবগণের ভূষণ লাগি।৫

দীপ্ত পৃষ্ঠ মনোগতি তুরগ যেথা তোমায় বহে,
তাদের পিঠে সুরদলে আনো তুমি আজকে মহে।৬

ঋতবর্দ্ধন দেবগণে পত্নীযুত কর তুমি,
যজনীয় তারা সবে তৃপ্তি লভুন মধু চুমি।৭

পূজ্য যাঁরা যজনীয় বষট্‌ কারে যজ্ঞে তারা,
অগ্নি তোমার রসনাতে আস্বাদিছে মধুধারা।৮

বিপ্র তুমি দিব্য হোতা, বিশ্বদেবে আনো যাগে,
সৌরলোকের স্বর্গধামে ঊষাকালে যারা জাগে।৯

পান করহে সোমমধু বিশ্বদেবের মূর্ত্তি ধরি,
ইন্দ্র বায়ু মিত্র বরুণ সব দেবতায় সঙ্গে করি।১০

লোকহিতে হোতা তুমি যজ্ঞে তোমার চিরস্থিতি,
যজ্ঞে আসি হে দেবতা পূর্ণ কর যজ্ঞ রীতি।১১

ক্ষিপ্রগতি শক্তিশালী তুরগ তব যুড়ি রথে,
হে দেবতা বিশ্বদেবে আনো মোদের যজ্ঞ পথে।১২

প্রথমং মণ্ডলং। চতুর্থো অনুবাকঃ। পঞ্চদশং সূক্তং। প্রথমোঽষ্টকঃ
প্রথমো অধ্যায়ঃ। অষ্টাবিংশ ঊনত্রিংশশ্চ দ্বৌ বর্গৌ।

পঞ্চদশং সূক্তম্

ঋষি কণ্বপুত্রো মেধাতিথিঃ গায়ত্রীচ্ছন্দঃ। দেবতা ঋতবঃ
বিনিয়োগঃ স্মার্ত্তঃ।

ইন্দ্র সোমং পিব ঋতুনা ত্বা বিশন্ত্বিন্দবঃ।
মৎসরাসস্তদোকসঃ ॥১॥

হে ইন্দ্র ঋতুনা সহ সোমং পিব। ইন্দবঃ পীয়মানাঃ সোমাস্ত্বা ত্বমাবিশন্তু। কীদৃশাঃ? মৎসরাসঃ তৃপ্তিকরা তদোকসঃ তন্নিবাসাঃ সর্ব্বদা ত্বদুদরস্থায়িন ইত্যর্থঃ।

মরুতঃ পিবত ঋতুনা পোত্রাদ্‌যজ্ঞং পুনীতন।
যূয়ং হি ষ্ঠা সুদানবঃ ॥২॥

হে মরুতঃ ঋতুনা সহ পোত্রাৎ পোতৃনামকস্য ঋত্বিজঃ পাত্রাৎ সোমং পিবত। নোঽস্মদীয়ং যজ্ঞং পুনীতন। শোধয়ত। হে সুদানবঃ শোভনদাতারো মরুতঃ হি যস্মাৎ যূয়ং স্থ—যুষ্মাকং শোধয়িতৃত্বং প্রসিদ্ধং তস্মাৎ শোধয়।

অভি যজ্ঞং গৃণীহি নো গ্নাবো নেষ্টঃ পিব ঋতুনা।
ত্বং হি রত্নধা অসি ॥৩॥

গ্না স্ত্রী অস্য সন্তীতি গ্নাবান্। নেষ্টৃ শব্দোহত্র ত্বষ্টারং দেবমাহ। কস্মিংশ্চিৎ দেবসত্রে নেষ্টৃত্বেন ত্বষ্টুর্ব্বৃত্তত্বাৎ। হে গ্নাবঃ পত্নীযুক্তঃ নেষ্টঃ ত্বষ্টঃ নোঽস্মদীয়ং যজ্ঞমভি গৃণীহি। অভিতো দেবানাং সমীপে স্তুহি। ঋতুনা সহ ত্বং সোমং পিব। হি যস্মাৎ ত্বং রত্নধা অসি রত্নানাং দাতা ভবসি তস্মাৎ সোমং পাতুমর্হসি।

অগ্নে দেবাঁ ইহাবহ সাদয়া যোনিষু ত্রিষু।

পরি ভূষ পিব ঋতুনা ॥৪॥

হে অগ্নে দেবানিহাস্মিন্ কর্ম্মণি আবহ, ততো যোনিষু স্থানেষু ত্রিষু সবনেষু সাদয়া দেবানুপবেশয়। ততস্তান্ পরিভূষ অলঙ্কুরু ঋতুনা সহ ত্বং সোমং পিব।

ব্রাহ্মণাদিন্দ্র রাধসঃ পিবা সোমমৃতুঁরনু।

তবেদ্ধি সখ্যমস্তৃতং ॥৫॥

হে ইন্দ্র ব্রাহ্মণাৎ ব্রাহ্মণাচ্ছংসি সম্বন্ধাৎ রাধসো ধনভূতাৎ পাত্রাৎ সোমং পিব। কিং কৃত্বা ঋতেনন্ত ঋতুদেবান্ অনুসৃত্য ঋতবোঽপি পিবন্তি ইত্যর্থঃ। হি যস্মাৎ তব সখ্যমস্তৃতম্ ঋতুনামবিচ্ছিন্নং তস্মাদৃতুভিঃ সহ। পানং যুক্তম্ ॥

যুবং দক্ষং ধৃতব্রত মিত্রাবরুণ দূড়ভং।

ঋতুনা যজ্ঞমাশাথে ॥৬॥

হে ধৃতব্রতা স্বীকৃতকর্ম্মাণৌ মিত্রাবরুণা হে মিত্রাবরুণৌ হে মিত্র নামকবরুণনামকৌ দেবৌ যুবমুভৌ যুবামৃতুনা সহাস্মদীয়ং যজ্ঞমাশাথে।

ব্যাপ্নুথঃ। দক্ষং প্রবৃদ্ধং দৃঢ়ভং দুর্দ্দহং শত্রুভির্দ্দগ্ধুং বিনাশয়িতুমশক্যম্ ইতর্থঃ।

দ্রবিণোদা দ্রবিণসো গ্রাবহস্তাসো অধ্বরে।

যজ্ঞেষু দেবমীড়তে ॥৭॥

অধ্বরে অগ্নিষ্টোমে প্রকৃতিস্বরূপে যজ্ঞেষু বিকৃতে রূপেষু উক্‌থ্যাদিষু চ দেবমগ্নিমীড়তে। ঋত্বিজঃ স্তবন্তি। দ্রবিণসঃ ধনার্থিনঃ গ্রাবহস্তাসঃ অভিষবসাধনপাষাণধারিণঃ। দ্রবিণোদাঃ ধনপ্রদং। যদ্বা ধনপ্রদোঽগ্নিঃ সোমং পিবন্তি ইতি শেষঃ।

দ্রবিণোদা দদাতু নো বসূনি যানি শৃণ্বিরে।

দেবেষু তা বনামহে ॥৮॥

দ্রবিণোদা দেবো নোঽস্মভ্যাং বসূনি ধনানি দদাতু। যানি ধনানি শৃণ্বিরে। হবিরূপযুক্তত্বেন শ্রূয়ন্তে। তা তানি সর্ব্বাণি ধনানি দেবেষু নিমিত্তভূতেষু বনামহে সম্ভজামঃ। ধনৈর্দ্দেবান্ যষ্টুং তানি স্বীকুর্ম্ম ইত্যর্থঃ।

দ্রবিণোদাঃ পিপীষতি জুহোত প্র চ তিষ্ঠত।

নেষ্ট্রাদৃতুভিরিষ্যত ॥৯॥

দ্রবিনোদা দেব ঋতুভিঃ সহ নেষ্ট্রাৎ নেষ্টৃসম্বন্ধিপাত্রাৎ পিপীষতি সোমং পাতুমিচ্ছতি। ততো হে ঋত্বিজ ইষ্যত। হোমস্থানে গচ্ছত

গত্বা চ জুহোত। হোমং কুরুত। হুত্বা প্রতিষ্ঠিত চ। হোমস্থানাৎ স্থানান্তরং প্রতি প্রস্থানমপি কুরুত।

যত্বা তুরীয়মৃতুভির্দ্রবিণোদো যজামহে।

অধ স্মা নো দর্দিভব ॥১০॥

হে দ্রবিনোদা দেব যদ্ যস্মাৎ কারণাদৃতুভিঃ সহ তুরীয়ং চতুর্ণাং পূরণং ত্বা ত্বাং যজামহে। অধেত্যয়ং নিপাতস্তচ্ছব্দার্থঃ। তস্মাৎ কারণাদ্নোঽস্মভ্যং দর্দিধনস্য দাতা ভবস্ম অবশ্যং ভব।

অশ্বিনা পিবতং মধু দীদ্যগ্নী শুচিব্রতা।

ঋতুনা যজ্ঞবাহসা ॥১১॥

হে অশ্বিনৌ মধু মাধুর্য্যোপেতং সোমং পিবতং। কীদৃশৌ দীদ্যগ্নী দ্যোতমানা-হবনীয়াদ্যগ্নিযুক্তৌ শুচিব্রতা শুদ্ধকর্ম্মাণৌ, ঋতুনা ঋতুদেবতয়া-সহ যজ্ঞকামো যজ্ঞস্য নির্ব্বাহকৌ।

গার্হপত্যেন সন্ত্য ঋতুনা যজ্ঞনীরসি।

দেবান্দেবয়তে যজ ॥১২॥

হে সন্ত্য ফলপ্রদাগ্নিদেব গার্হপত্যেন গৃহপতিসম্বন্ধিনা রূপেণ যুক্তঃ সন্ ঋতুনা ঋতু দেবেন সহ যজ্ঞনীর্যজ্ঞস্য নির্ব্বাহকোঽসি, তস্মাৎ ত্বং দেবয়তে দেববিষয়কামনাযুক্তায় যজমানায় দেবান্ যজ ॥

পঞ্চদশ সূক্ত

ঋতুর সাথে আজকে এস পান করে যাও সোমের পাত্র,
ফিরুক তাহা তোমার মাঝে তৃপ্তি দিয়ে দিবারাত্র।১

পান কর সোম ঋতুর সাথে হে বদান্য মরুৎ সবে
পোতৃ ঋষির পাত্র হতে পুণ্য কর যজ্ঞ ভবে।২

পত্নী সহ ত্বষ্টা তুমি যজ্ঞ লহ স্বর্গ পানে
পান কর সোম ঋতুর সাথে, রত্নদাতা তোমায় জানে।৩

আনো হেথায় দেবগণে বসাও তাদের ত্রিসবনে,
সাজাও তাদের বিভূষণে, পান কর সোম ক্ষণে ক্ষণে।৪

হে মঘবা পান কর সোম ঋত্বিকেরি পাত্র টানি,
পান কর সোম ঋতুর সাথে তাদের তুমি বন্ধু জানি।৫

যজ্ঞ মোদের দক্ষ অতি দুর্দ্দহ তা শত্রু হাতে
ধৃতব্রত মিত্রাবরুণ যজ্ঞে এস ঋতুর সাথে।৬

বল্লদাতা অগ্নিদেবে ঋত্বিকেরা স্তুতি করে।
ধন লাগি যজন করে সোম পেষণ পাষাণ ধরে।৭

দিন আমাদের বসুরাশি ধনদাতা হে দেবতা,
লাগবে সে ধন দেবার্চ্চনায় তাইত জানাই কাতরতা।৮

নেষ্টৃগণের পাত্র হতে দাতা তিনি চান্ যে সোমে,
হবন করি ফিরবে সবে পূর্ণ করি পুণ্য হোমে।৯

হে তুরীয় দ্রাবিণোদা তোমায় মোরা যজন করি,
ধনদাতা তুমি যে ঠিক দেবে মোদের ধনে ভরি ।১০

পান কর সোম হে অশ্বিনী শুচিব্রত দ্যুতি-উজ্জল
তোমরা দোঁহে ঋতুর সাথে যজ্ঞ মোদের কর সফল ।১১

গার্হপত্য অগ্নিরূপে যজ্ঞে এস ঋতু সহ
যজন কর দেবগণে ফলপ্রদ যজ্ঞ বহ । ১২ ।

ষোড়শং সূক্তং

ঋষি কণ্বপুত্রো মেধাতিথিঃ গায়ত্রীচ্ছন্দঃ দেবতা ইন্দ্রঃ
মৈত্রাবরুণস্তোত্রীয়মানে প্রাতঃসবনে বিনিয়োগঃ।

আ ত্বা বহন্তু হরয়ো বৃষণং সোমপীতয়ে।
ইন্দ্র ত্বা সূরচক্ষসঃ ॥১॥

হে ইন্দ্র বৃষণং কামানাং বর্ষিতারং ত্বাং সোমপীতয়ে সোমপানার্থং হরয়স্বদীয়া অশ্বা আবহন্তু। অস্মিন্ কর্ম্মণি আনয়ন্তু। তথা সূরচক্ষসঃ সূর্য্যসমানপ্রকাশযুক্তা ঋত্বিজস্ত্বাং মন্ত্রৈঃ প্রকাশয়ন্তি।

ইমা ধানা ঘৃতস্নুবো হরী ইহোপ বক্ষতঃ।
ইন্দ্রং সুখতমে রথে ॥২॥

হরি শব্দ ইন্দ্ররথস্য বোঢারাবশ্বাবাচষ্টে। তথা চ শ্রুত্যন্তরং। হর্য্যোঃ স্থাতেতি (তৈঃ সঃ ১।৪।২৮)। হরিভ্যাং ত্বেন্দ্রো দেবতাং গময়ন্ত্বিতি চ (তৈঃ সঃ ১।৬।৪)।

এতদেবাভিপ্রেত্য নিঘণ্টুকার আহ। হরী ইন্দ্রস্যেতি। তাদৃশৌ হরী ইমা যাগার্থং বেদ্যামাসাদিতত্বেন পুরোবর্ত্তিনীর্দ্ধানা ভ্রষ্টযব-তণ্ডুলানুদ্দিশ্য সুখতমে রথে ইন্দ্রমবস্থাপ্য ইহাস্মিন্ কর্ম্মণ্যুপবক্ষতঃ।

বেদী সমীপে বহতাং কীদৃশীঃ ধানাঃ ঘৃতস্নুবঃ অলঙ্করণোপস্তরণাভিক্ষরণেন ঘৃতস্রাবিণীঃ।

ইন্দ্রং প্রাতর্হবামহ ইন্দ্রং প্রযত্যধ্বরে।

ইন্দ্রং সোমস্য পীতয়ে ॥৩॥

প্রাতঃ কর্ম্মারম্ভে প্রাতঃসবন ইন্দ্রং হবামহে আহ্বয়ামঃ। তথৈবাধ্বরে সোমযাগে প্রযতি প্রগচ্ছতি প্রারভ্য বর্ত্তমানে সতি মাধ্যন্দিনে সবনে তমিন্দ্রং হবামহে। তথা যজ্ঞস্য সমাপ্ত্যবসরে তৃতীয় সবনে সোমস্য পীতয়ে সোমপানার্থং হবামহে।

উপ নঃ সুতমাগহি হরিভিরিন্দ্র কেশিভিঃ।

সুতে হি ত্বা হবামহে ॥৪॥

হে ইন্দ্র কেশিভিঃ কেশরযুক্তৈর্হরিভিরশ্বৈস্ত্বং নোঽস্মদীয়ং সুতমভিষুতং সোমং প্রত্যুপসমীপ আগহি। সুতেঽভিষুতে সোমে নিমিত্তভূতে সতি হি যস্মাৎ কারণাত্ত্বাং হবামহে। ত্বামাহ্বয়ামঃ। তস্মাদাগচ্ছেতি পূর্ব্বত্রান্বয়ঃ।

সেমং নঃ স্তোমমাগহ্যুপেদং সবনং সুতং।

গৌরো ন তৃষিতঃ পিব ॥৫॥

হে ইন্দ্র স ত্বং নোঽস্মদীয়মিমং স্তোমং স্তুতিং প্রত্যাগহি আগচ্ছ। আগমনে হেতুরুচ্যতে। উপ দেবযজনসমীপে সুতমভিষুতসোমযুক্ত-

মিদমিদানীমনুষ্ঠীয়মানং সবনং প্রাতঃসবনাদিরূপং কর্ম্ম বর্ত্ততে। তস্মাদ্ গৌরো ন গৌরমৃগ ইব তৃষিতঃ সন্নিমং সোমং পিব।

ইমে সোমাস ইন্দবঃ সুতাসো অধি বর্হিষি

তাঁ ইন্দ্র সহসো পিব ॥৬॥

ইন্দবঃ ক্লেদনযুক্তা ইমে বেদ্যামবস্থিতাঃ সোমাসস্তত্তৎ পাত্রগতাঃ সোমা বর্হিষি যজ্ঞেঽধ্যাধিকেন সুতাসোঽভিষুতাঃ। হে ইন্দ্র সহসো বলার্থং তান্ সোমান্ পিব।

অযং তে স্তোমো অগ্রিয়ো হৃদিস্পৃগস্তু শন্তমঃ।

অথা সোমং সুতং পিব ॥৭॥

হে ইন্দ্র অয়মস্মাভিঃ ক্রিয়মাণঃ স্তোমং স্তোত্রবিশেষোঽগ্রিয়ঃ শ্রেষ্ঠঃ সন্ তে তব হৃদিস্পৃক্ মনস্যঙ্গীকৃতঃ শন্তমঃ সুখতমোঽস্তু। অথ স্তুতেরনন্তরং সুতমভিষুতং সোমং পিব।

বিশ্বমিৎ সবনং সুতমিন্দ্রো মদায় গচ্ছতি।

বৃত্রহা সোমপীতয়ে ॥৮॥

বৃত্রহা শত্রুঘাতক ইন্দ্রঃ সোমপীতয়ে সোম পানায় মদীয় তৎপানজন্য হর্ষায় চ বিশ্বমিহ সর্ব্বমপি সুতমভিযুতসোমযুক্তং সবনং প্রাতঃ সবনাদিরূপং কর্ম্ম গচ্ছতি।

সেমন্নঃ কামমাপৃণ গোভিরশ্বৈঃ শতক্রতো।

স্তবাম ত্বা স্বাধ্যঃ ॥৯॥

হে শতক্রতো স ত্বং নোঽস্মদীয়মিমং কামং কাম্যমানং ফলং গোভিরশ্বৈশ্চ সহাপৃণ সর্ব্বতঃ পূরয়। বয়মপি স্বাধ্যঃ সুষ্ঠু সর্ব্বতো ধ্যানযুক্তা সন্তস্ত্বা ত্বাং স্তবামঃ।

ষোড়শ সূক্ত

বৃষ্টিদাতা হে মঘবা অশ্বে এস সোম পানে
সুরচক্ষু ঋত্বিকেরা প্রকাশ করুক তোমায় গানে। ১

আসুক সেথায় অশ্বযুগল তোমার সুখতম রথে
ঘৃতস্রাবী যবকণা পড়ল যেথা বেদীর পথে। ২

ভোরের বেলা সবন কালে, মধ্য দিনে সোম যাগে,
যজ্ঞ শেষে সোম পানে, তোমায় ডাকি অনুরাগে। ৩

ঝলমল কেশর যাদের, সে তুরগে এস আজি,
তোমায় মোরা বরণ করি, অভিষুত সোমরাজি। ৪

পিপাসিত হরিণ সম পিও পিও সোমধারা ;
প্রাতঃ সবন হল সুরু, স্তোত্রে কর হৃদয় হারা। ৫

ছড়িয়ে আছে সোম-সুধা, স্নিগ্ধ এবং পবিত্র যা,
বীর্য্য চাহি ইন্দ্র তুমি দর্ভ হতে পান কর তা। ৬

স্পর্শ করুক হৃদয় তব, স্তোত্র মোদের অগ্রতম ,
নন্দিত হও হে মঘবা, সোম যে পিয়ে অনুপম। ৭

বৃত্রহন্তা ইন্দ্র তিনি, সোম পানে মহানন্দে।
সর্ব্ববিধ সবন কালে আসেন সদা হাস্যছন্দে। ৮

স্তুতি করি শতক্রতু সুষ্ঠুরূপে গভীর ধ্যানে
পূর্ণ কর যাচ্ঞা মোদের অশ্ব, গোধন, কাম্য দানে। ৯

প্রথমং মণ্ডলং সপ্তদশং সূক্তং চতুর্থোঽনুবাকঃ
প্রথমোঽষ্টকঃ। দ্বাত্রিংশত্রয়োত্রিংশশ্চ দ্বৌ বর্গৌ

সপ্তদশং সূক্তং

ঋষি কণ্বপুত্রো মেধাতিথিঃ গায়ত্রীচ্ছন্দঃ ইন্দ্রাবরুণৌ দেবতে।
বিনিয়োগঃ স্মার্ত্ত।

ইন্দ্রাবরুণয়োরহং সম্রাজোরব আ বৃণে
তা নো মৃড়াত ঈদৃশে ॥ ১ ॥

অহমনুষ্ঠাতা সম্রাজো সমীচিনরাজ্যোপেতয়োঃ সম্যগ দীপ্যমানয়োঃ ইন্দ্রাবরুণয়োঃ দেবয়োঃ সম্বন্ধ্যবো রক্ষণমাবৃণে। সর্ব্বতঃ প্রার্থয়ে। তা তৌ দেবারীদৃশে এবম্বিধেঽস্মদীয় বরণে নিমিত্তভূতে সতি মৃডাত অস্মান সুখয়তঃ।

গন্তার হি স্থোঽবসে হবং বিপ্রস্য মাবতঃ।
ধর্ত্তারা চর্ষণীনাং ॥ ২ ॥

হে ইন্দ্রাবরুণৌ অবসেঽতিমনুষ্ঠাতারং রক্ষিতুমাবতো মদ্বিধস্য বিপ্রস্য ব্রাহ্মণর্ত্বিজো হবমাহ্বানং গন্তারৌ স্থো হি—প্রাপ্তশীলো ভবথঃ খলু। চর্ষণীনাং মনুষ্যানাং ধর্ত্তারং যোগক্ষেমসম্পাদনেন ধারয়িতারৌ।

অনুকামং তর্পয়েথামিন্দ্রাবরুণ রায় আ।
তা বাং নেদিষ্ঠমীমহে ॥৩॥

ইন্দ্রাবরুণা হে ইন্দ্রাবরুণৌ অনুকামং অস্মদীয়াভিলাষমনু রায়ো ধান্য প্রদানেনাতর্পৎয়থাং সর্ব্বতোঽস্মানতৃপ্তান্ কুরুতং। বয়ং যদা যদা ধনং কাময়ামহে তদা তদা প্রযচ্ছতমিত্যর্থঃ। তা বাং তাদৃশৌ যুবাং নেদিষ্ঠমতিশয়েন সামীপ্যং যথা ভবতি তথা ঈমহে যাচামহে। কাল-বিলম্বমন্তরেণ ধনং দাতব্যমিত্যর্থঃ।

যুবাকু হি শচীনাং যুবাকু সুমতীনাং।

ভূয়াম বাজদাব্নাং ॥৪॥

হি যস্মাৎ কারণাৎ শচীনামস্মদীয়কর্ম্মনাং সম্বন্ধি সোমরূপং হবির্যবাকু বসতীবর্যেকধনাখ্যৈরুদকৈঃ পয়সক্ত্বাদিদ্রব্যান্তরৈশ্চ মিশ্রিতং তথা সুমতীনাং শোভনবুদ্ধিযুক্তানাং ঋত্বিজাং স্তোত্ররূপং বচনমপি যুবাকু নানাবিধৈ স্তুত্যগুণৈর্মিশ্রিতং। তস্মাৎ কারণাৎ হে ইন্দ্রাবরুণৌ তথাবিধং হবিঃ স্বীকুর্ব্বতোর্যুবয়ো প্রসাদাদ্বয়ং বাজদাব্নামন্নপ্রদানাং পুরুষাণাং মধ্যে মুখ্যা ভূয়াম ভবেম।

ইন্দ্রঃ সহস্রদাব্নাং বরুণঃ শংস্যানাং।

ক্রতুর্ভবত্যুকৃথ্যঃ ॥৫॥

অয়মিন্দ্র সহস্রদাব্নাং সহস্রসংখ্যকধনপ্রদানাং মধ্যে ক্রতুর্দ্ধনদানস্য কর্ত্তা ভবতি প্রভূতং দদাতি। তথা বরুণঃ শংস্যানাং স্তুত্যানাং মধ্যে উকথ্যঃ স্তুত্যো ভবতি।

তয়োরিদবসা বয়ং সনেম নি চ ধীমহি।

স্যাদুত প্ররেচনং ॥৬॥

তয়োরিথ পূর্ব্বোক্তয়োরিন্দ্রাবরুণয়োরেবাবসা রক্ষণেন বয়মনুষ্ঠাতারঃ সনেম সম্ভজেম। ধনমিতি শেষঃ। নিধীমহি চ। প্রাপ্তে ধনে যাবদপেক্ষিতং তাবদ্ভুক্ত্বা ততোঽবশিষ্টং ধনং কচিন্নিধিরূপেণ স্থাপয়ামশ্চ। উত অপি চ প্ররোচনং ভুক্তান্নিহিতাচ্চ প্রকর্ষেণাধিকং ধনং স্যাৎ সম্পদ্যতাম্।

ইন্দ্রাবরুণ বামহং হুবে চিত্রায় রাধসে।

অস্মান্‌ৎসু জিগ্যুষস্কৃতং ॥৭॥

ইন্দ্রাবরুণা হে ইন্দ্রাবরুণৌ বাং যুবামুভাবহং হুবে আহ্বয়ামি। কিমর্থং চিত্রায় মণিমুক্তাদিরূপেণ বিবিধায় রাধসে ধনায়। তদাহূতৌ যুবামস্মানমুষ্ঠাতৄন্ সুজিগ্যুষঃ শত্রুবিষয়ে সুষ্ঠু জয়যুক্তান্ কৃতং কুরুতং॥

ইন্দ্রাবরুণ নূ নু বাং সিষাসন্তীষু ধীষ্বা।

অস্মভ্যং শর্ম্ম যচ্ছতম্ ॥৮॥

ইন্দ্রাবরুণ হে ইন্দ্রাবরুণৌ ধীষু অস্মদীয় বুদ্ধিষু বাং যুবাং সিষাসন্তীষু সনিতুং সম্ভক্তং সম্যক্ সেবিতুমিচ্ছন্তীষু তদানীমা সমন্তাদস্মভ্যং শর্ম্মং সুখং নূ নু অতিশয়েন ক্ষিপ্রং প্রযচ্ছতং দত্তং॥

প্র বামশ্নোতু সুষ্টুতিরিন্দ্রাবরুণ যাং হুবে।

যামৃধাথে সধস্তুতিং ॥৯॥

ইন্দ্রাবরুণ হে ইন্দ্রাবরুণৌ যামস্মৎকর্ত্তৃকাং শোভনস্তুতিং প্রতিহ্বে। যুবামুভাহ্বয়ামি। কিঞ্চ সধস্তুতিং যুবয়োরুভয়োঃ সাহিত্যেন ক্রিয়মাণয়া স্তবক্রিয়য়া যুক্তাং যাং সুষ্টুতিং যুবামৃধাথে বর্দ্ধাথে। তাদৃশী সুষ্টুতিঃ শোভনস্তুতি হেতুভূর্ত ঋক্‌সমূহো বামশ্নোতু যুবাং ব্যাপ্নোতু॥

সপ্তদশ সূক্ত

দীপ্তিমন্ত ইন্দ্র বরুণ, আমরা দোঁহার রক্ষা যাচি,
দোঁহার আশীর্ব্বাদে যেন আমরা সদা সুখে বাঁচি।১

সাধুজনের ধর্ত্তা দোঁহে, স্তবকারী মোদের শ্রোতা,
হবন মোদের দোঁহায় লভুক, যোগ ক্ষেমের তোমরা দাতা।২

তৃপ্ত কর ইন্দ্র বরুণ, কামানুরূপ ধন দানে,
যাচ্ঞা করি সঙ্গ দোঁহার, যাচ্ঞা করি গানে গানে।৩

মিশ্র মোদের যাগের হবি, মিশ্র সুমতিদের স্তুতি,
অন্ন দিয়ে কীর্ত্তি লভি, শ্রেষ্ঠ হউক মোদের ভূতি।৪

ইন্দ্র যিনি ক্রতু তিনি, সহস্র দান তাঁহার রীতি,
প্রশস্য যে বরুণ বটে, মহত্তম তাঁহার গীতি।৫

ভজন করি ইন্দ্র বরুণ, স্মরণ করি গভীর ধ্যানে,
জানব তবে মর্ম্ম ত্যাগের, দোঁহার কৃপা ফুটবে জ্ঞানে।৬

স্মরণ করি ইন্দ্র বরুণ, বিচিত্র ধন মোদের দেহ,
শত্রুজনের পরাজয়ে উল্লসিত কর গেহ।৭

যখন দোঁহে ভজন করি, স্মরণ করি চিত্ত তলে,
চারিদিকে ক্ষিপ্রগতি কল্যাণেরি প্রদীপ জ্বলে।৮

ডাকি দোঁহে ইন্দ্র বরুণ, মোদের শোভন মন্ত্র গানে,
ব্যাপ্ত করুক যুক্ত সে ঋক্, ঋদ্ধ করুক বৃদ্ধিদানে।৯

অষ্টাদশং সূক্তং

সোমানং স্বরণং কৃণুহি ব্রহ্মণস্পতে।

কক্ষীবন্তং যঃ ঔশিজঃ ॥১॥

হে ব্রহ্মণস্পতে। এতন্নামদেব সোমানমভিষবস্য কর্ত্তারং মামনুষ্ঠাতারং স্বরণং দেবেষু প্রকাশনবন্তং কৃণুহি কুরু। অত্র দৃষ্টান্তঃ কক্ষীবন্তমেতন্নামকমৃষিং। ইবশব্দোঽত্রাধ্যাহর্ত্তব্যঃ। কক্ষীবান্ যথা দেবেষু প্রসিদ্ধস্তদ্বদিত্যর্থঃ। যঃ কক্ষীবানৃষিরৌশিজঃ উশিজঃ পুত্রঃ। তমিবেতি পূর্ব্বত্রযোজনা। কক্ষীবতোঽনুষ্ঠাতৃষু মুনিষু প্রসিদ্ধিস্তৈত্তিরিয়ৈরাম্নায়তে। এতং বৈ পর আট্ণারঃকক্ষীবান্ ঔশিজো বীতহব্য শ্রায়সত্রসদস্যুঃ পৌরুকুৎস্যঃ প্রজাকামা অচিন্বতেতি। ঋগন্তরেঽপ্যৃষিত্বকথনেনানুষ্ঠাতৃত্বপ্রসিদ্ধিঃ সূচ্যতে। অহং কক্ষীবান্ ঋষিরস্মি বিপ্র ইতি। তস্মাদস্যানুষ্ঠাতারং প্রতি দৃষ্টান্তত্বং যুক্তং।

যো রেবান্ যো অমীবহা বসুবিৎ পুষ্টিবর্দ্ধনঃ।

স নঃ সিষক্তু যস্তুরঃ ॥২॥

যো ব্রহ্মণস্পতী রেবান্ ধনবান্ যশ্চামীবহা রোগাণাং হন্তা বসুবিৎ ধনলব্ধা পুষ্টিবর্দ্ধনঃ পুষ্টের্বর্দ্ধয়িতা। যশ্চ তুরঃ ত্বরোপেতঃ শীঘ্রফলদঃ স ব্রহ্মণস্পতিঃ নোঽস্মান্ সিষক্তু সেবতাং পরিগৃহ্যানুগৃহ্নাতু ॥

মা নঃ শংসো অররুষো ধূর্তিঃ প্রণঙ্ মর্ত্ত্যস্য।
রক্ষা ণো ব্রহ্মণস্পতে ॥৩॥

অররুষো মর্ত্ত্যস্যোপদ্রবং কর্ত্তুমস্মৎ সমীপং প্রাপ্তস্য শত্রুরূপস্য মনুষ্যস্য ধূর্ত্তিহিংসকঃ শংসঃ শংসনমধিক্ষেপঃ। তাদৃশো বাক্‌বিশেষো নোঽস্মান্ মা প্রণক্ মা সংপৃণক্তু। শত্রুণাং প্রযুক্তোঽধিক্ষেপঃ কদাচিদাস্মান্ মা প্রাপ্নোতি। তদর্থং হে ব্রহ্মণস্পতে নো রক্ষ।

স ঘা বীরো ন রিষ্যতি যমিন্দ্রো ব্রহ্মণস্পতিঃ।
সোমো হিনোতি মর্ত্ত্যং ॥৪॥

ইন্দ্রো দেবো যং মর্ত্ত্যং বক্ষ্যমানং হিনোতি প্রাপ্নোতি বর্দ্ধয়তি বা। তথা ব্রহ্মণস্পতির্দ্দেবো হিনোতি। তথা সোমো হিনোতি স ঘ স এব যজমানো বীরো বীর্য্যযুক্তঃ সন্ ন রিষ্যতি ন বিনশ্যতি।

ত্বং তং ব্রহ্মণস্পতে সোম ইন্দ্রশ্চ মর্ত্ত্যং।
দক্ষিণা পাত্বংহসঃ ॥৫॥

হে ব্রহ্মণস্পতে ত্বং তং মর্ত্ত্যমনুষ্ঠাতারং মনুষ্যমংহসঃ পাপাৎ পাহি। তথা সোমঃ পাতি ইন্দ্রশ্চ পাতু দক্ষিণাখ্যা দেবতা চ পাতু।

সদসস্পতিমদ্ভুতং প্রিয়মিন্দ্রস্য কাম্যং।
সনিং মেধামযাসিষং ॥৬॥

মেধাং লব্ধুং সদসস্পতিম্ এতন্নামকং দেবম্ অযাসিষম্ প্রাপ্তবানস্মি।

কীদৃশং অদ্ভুতং। আশ্চর্য্যকরং ইন্দ্রস্য প্রিয়ং সোমপানে সহচারিত্বাৎ কাম্যং কমনীয়ং সনিং ধনস্য দাতারং।

যস্মাদৃতে ন সিধ্যতি যজ্ঞো বিপশ্চিতশ্চন।

স ধীনাং যোগমিন্বতি ॥৭॥

যজ্ঞোঽয়মনুষ্ঠাতব্যো বিপশ্চিতশ্চন বিদুষোঽপি যজমানস্য যস্মাৎ সদসস্পতিদেবাদৃতে ন সিধ্যতি। সোঽয়ং সদসস্পতির্দ্দেবো ধীনাং মনোঽনুষ্ঠানবিষয়াণাম্ অস্মদ্বুদ্ধীনানুষ্ঠেয়কর্ম্মণাং বা যোগং সম্বন্ধমিন্বতি ব্যাপ্নোতি। যজমানমনুগৃহ্য তদীয়ং যজ্ঞং নিষ্পাদয়তি।

আদৃধ্নোতি হবিষ্কৃতিং প্রাঞ্চং কৃণোত্যধ্বরং।

হোত্রা দেবেষু গচ্ছতি ॥৮॥

আদনন্তরমেব হবিষ্কৃতিং হবিঃ সম্পাদনযুক্তং যজমানমৃধ্নোতি। সদসস্পতির্দ্দেবো বর্দ্ধয়তি। হবির্বর্দ্ধনানন্তরমিব ফলং প্রযচ্ছতি। তথাবিধ ফলসিদ্ধয়েঽধ্বরং যজ্ঞং প্রাঞ্চং প্রকর্ষেণ গচ্ছন্তমবিঘ্নেন পরিসমাপ্তিযুক্তং কৃণোতি করোতি।

নরাশংসং সুধৃষ্টমমপশ্যং স প্রথস্তমং।

দিবো ন সদ্মমখসং ॥৯॥

নরাশংসমেতন্নামকং দেববিশেষং। সদস্পতেরপি নরৈঃ প্রশস্যমানত্বান্নরাশংসত্বং দেবন্তমপশ্যম্ শাস্ত্রদৃষ্ট্যা দৃষ্টবানস্মি সুধৃষ্টমং অত্যাধিক্যেন ধার্ষ্ট্যযুক্তং। সপ্রথস্তমং অতিশয়েন প্রখ্যাতং সদ্মমখসং প্রাপ্ততেজস্কং। তত্র দৃষ্টান্তঃ দিবো ন দ্যুলোকানিব। আদিত্যচন্দ্রাদিভিবর্দ্ধিতা দ্যুলোকবিশেষা যথা তেজস্বিনস্তদ্বদয়ং নরাশংসস্তেজস্বী ইত্যর্থ্য।

অষ্টাদশ সূক্ত

হে মহান্ ব্রহ্মণস্পতি মহৎ কর কীর্ত্তি দানে,
কীর্ত্তি দিল যথা দেবে উষিক্ পুত্র কক্ষীবানে ।১

ধনের স্বামী, হন্তা রোগের, পুষ্টি করেন বিত্ত দানি,
ত্বরায় যিনি সুফল দাতা, যাচি তাহার প্রসাদখানি ।২

শত্রুজনের নিন্দা হ'তে রক্ষা কর বৃহস্পতি,
মর্ত্ত্যজনের হিংসা যেন পায় না ছুঁতে মোদের মতি ।৩

পায় না বিনাশ সে জন কভু বাড়ান যাঁরে বৃহস্পতি,
ইন্দ্র সোমে রক্ষা করেন বীর সে লভে অমর গতি ।৪

রক্ষা করেন পাপের হাতে অর্চ্চে যেবা বৃহস্পতি,
ইন্দ্র সোম ও দক্ষিণা দেন যে তারে সাধুমতি ।৫

ইন্দ্র সখা কমনীয় হে অদ্ভুত সদসস্পতি,
দিব্য দাতা অর্চ্চি তোমা দেহ মোদের মেধা অতি ।৬

প্রাজ্ঞজনের যজ্ঞ বিফল যে দেবতার প্রসাদ বিনা,
ব্যাপ্ত করেন মোদের যত মানস কর্ম্ম বুদ্ধিলীনা ।৭

বৃদ্ধি করেন বৃহস্পতি হবির্দাতা যজমানে,
সিদ্ধ করেন যজ্ঞ যত বহেন হবি স্বর্গপানে ।৮

দেখছি সে নরাশংস অজেয় বীর ভুবন 'পরে,
দ্যুলোক সম তেজস্বী যে খ্যাতি যাঁহার ঘরে ঘরে ।৯

প্রথম মণ্ডলস্য পঞ্চমোঽনুবাকঃ। ঊনবিংশং সূক্তং। প্রথমোঽষ্টকঃ
প্রথমো অধ্যায়ঃ ষট্‌ত্রিংশঃ সপ্তত্রিংশশ্চ বর্গঃ।

ঊনবিংশং সূক্তম্

ঋষিঃ কণ্বপুত্রো মেধাতিথিঃ। গায়ত্রীচ্ছন্দঃ।
অগ্নিমরুতৌ দেবতা। কারীর যাগে বিনিয়োগ।

প্রতি ত্যং চারুমধ্বরং গোপীথায় প্রহূয়সে।
মরুদ্ভিরগ্ন আগহি ॥১॥

হে অগ্নে যো যজ্ঞশ্চারুরঙ্গবৈকল্যরহিতঃ। ত্যং তথাবিধং চারুমধ্বরং প্রতিলভ্য গোপীথায় সোমপানায় প্রহূয়সে প্রকর্ষেণ ত্বং হূয়সে। তস্মাদস্মিনধ্বরে ত্বং মরুদ্ভিঃ সহ দেববিশেষৈঃ সহাগহি আগচ্ছ।

নহি দেবো ন মর্ত্ত্যো মহস্তব ক্রতুং পরঃ।
মরুদ্ভিরগ্ন আ গহি ॥২॥

হে অগ্নে মহো মহতস্তব সম্বন্ধি ক্রতুং কর্ম্মবিশেষমুল্লংঘ্য পরো নহি। উৎকৃষ্টো দেবো ন ভবতি খলু। তথা মর্ত্ত্যো মনুষ্যশ্চ পরো ন ভবতি। যে মনুষ্যাস্তদীয়ং ক্রতুমনুতিষ্ঠন্তি। যে চ দেবাস্তদীয়ে ক্রতাবিজ্যবন্ত ত এবোৎকৃষ্টা ইত্যর্থঃ।

যে মহো রজসো বিদুর্ব্বিশ্বে দেবাসো অদ্রুহঃ।
মরুদ্ভিরগ্ন আ গহি ॥৩॥

হে অগ্নে যে মরুতো মহো রজসো মহত উদকস্য বর্ষণপ্রকারং বিদুস্তৈর্মরুদ্ভিরিত্যন্বয়ঃ। কীদৃশাঃ মরুতঃ? বিশ্বে সর্ব্বে সপ্তবিধগণোপেতাঃ। দেবাসঃ দ্যোতমানাঃ অদ্রুহঃ দ্রোহরহিতাঃ বর্ষণেন সর্ব্বভূতোপকারিত্বাৎ। তথা চোপরিষ্টাদ্ আম্নায়তে। উদীরয়থা মরুতঃ সমুদ্রতো যূয়ং বৃষ্টিং বর্ষয়থা পুরীষেণ ইতি।

য উগ্রা অর্কমানৃচুরনাধৃষ্টাস ওজসা।

মরুদ্ভিরগ্ন আ গহি ॥৪॥

যে মরুত উগ্রাস্তীব্রা সন্তোঽর্কমুদকমানৃচুঃ অর্চ্চিতবন্তঃ বর্ষণেন সম্পাদিতবন্ত। ওজসা বলেনানাধৃষ্টাসোঽতিরস্কৃতাঃ সর্ব্বেভ্যোঽপি প্রবলা ইত্যর্থঃ।

যে শুভ্রা ঘোরবর্পসঃ সুক্ষত্রাসো রিশাদসঃ।

মরুদ্ভিরগ্ন আ গহি ॥৫॥

যে মরুতঃ শুভ্রত্বাদিগুণোপেতাস্তৈর্মরুদ্ভিরিত্যন্বয়ঃ। শুভ্রাঃ শোভমানাঃ ঘোরবর্পসঃ উগ্ররূপধরাঃ সুক্ষত্রাসঃ শোভনধনোপেতাঃ রিশাদশঃ হিংসকানাং ভক্ষকাঃ।

যে নাকস্যাধি রোচনে দিবি দেবাস আসতে।

মরুদ্ভিরগ্ন আ গহি ॥৬॥

যে মরুতো নাকস্যাধি দুঃখরহিতস্য সূর্য্যস্যোপরি দিবি দ্যুলোকে রোচনে দীপ্যমানে যে দেবাসঃ স্বয়মপি দীপ্যমানা আসতে।

য ঈঙ্খয়ন্তি পর্ব্বতাং তিরঃ সমুদ্রমর্ণবং।

মরুদ্ভিরগ্ন আ গহি ॥৭॥

যে মরুতঃ পর্ব্বতান্ মেঘানি ঈঙ্খয়ন্তি চালয়ন্তি। তথার্ণবমুদকযুক্তং সমুদ্রং তিরঃ কুর্ব্বন্তীতি ইতিশেষঃ। নিশ্চলস্য জলস্য তরঙ্গাদ্যুৎপত্তয়ে চালনং তিরস্কারঃ।

আ যে তন্বন্তি রশ্মিভিস্তির সমুদ্রমোজসা।

মরুদ্ভিরগ্ন আ গহি ॥৮॥

যে মরুতো রশ্মিভিঃ সূর্য্যকিরণৈঃ সহ আতন্বন্তি আপ্নুবন্তি আকাশমিতি শেষঃ। কিঞ্চ ওজসা স্বকীয় বলেন সমুদ্রং তিরস্কুর্ব্বন্তি।

অভি ত্বা পূর্ব্বপীতয়ে সৃজামি সোম্যং মধু।

মরুদ্ভিরগ্ন আ গহি ॥৯॥

হে অগ্নে পূর্ব্বপীতয়ে পূর্ব্বকালে প্রবৃত্তায় পানায় ত্বাং প্রতি সোম্যং সোমসম্বন্ধিনং মধুরং রসং অভিসৃজামি সর্ব্বতঃ সম্পাদয়ামি। অতঃ ত্বং মরুদ্ভিঃ সহ অত্র আগচ্ছ।

উনবিংশ সূক্ত

যজ্ঞ চারু, চারু মধু, অগ্নি এস মরুৎ সহ,
তোমায় ডাকি বারে বারে, এস মোদের অর্ঘ্য লহ ।১
তোমার চেয়ে মহৎ নাহি দেবতা কি মানুষ কহ,
ক্রতু তোমার সবার শ্রেষ্ঠ, অগ্নি এস মরুৎ সহ ।২
বর্ষণেরি তত্ত্ব জানে দ্রোহ বিহীন সর্ব্বজনে,
দীপ্ত যাদের দিব্য দ্যুতি অগ্নি এস মরুৎ সনে ।৩
বীর্য্যে যাঁরা অপরাজেয়, উগ্র যাঁরা উদক বহ,
জলধারা বর্ষে যাঁরা অগ্নি এস মরুৎ সহ ।৪
মরুৎ যাঁরা শুভ্র অতি উগ্র যাঁরা পাপী জনে,
অসুর দলন ক্ষত্র যাঁরা অগ্নি এস মরুৎ সনে ।৫
দুঃখ বিহীন স্বর্গ শেষে জ্বলেন আপন দীপ্তি সনে,
দীপ্ত দ্যুলোক বাসী যারা অগ্নি আনো মরুদ্‌গণে ।৬
চালান যাঁরা মেঘের মালা ঢেউ তুলে দেন সাগর বুকে,
মরুৎ সহ হে হুতাশন আজকে এস মনের সুখে ।৭
বিশ্ব ভুবন ব্যাপ্ত করি ছড়িয়ে পড়ে কিরণ সনে,
সাগর মাতায় নিজ বলে অগ্নি আনো মরুদ্‌গণে ।৮
পান কর সোম এখন আসি করলে যেমন পূর্ব্বক্ষণে,
পাত্র ভরি দিচ্ছি সুধা অগ্নি এস মরুৎ সনে ।৯

প্রথম অধ্যায় সমাপ্ত

প্রথম অধ্যায় পরিচয়

প্রথম অধ্যায়ে ১৯টি সূক্ত। তন্মধ্যে একাদশ সূক্ত ৮টি ঋকে রচিত। প্রথম, দ্বিতীয়, ষোড়শ, সপ্তদশ, অষ্টাদশ ও উনবিংশ এই ছয়টি ঋকে প্রত্যেক নয়টি করিয়া ৫৪টি ঋক, চতুর্থ হইতে নবম পর্য্যন্ত ছয়টি ঋকে দশটি করিয়া ৬০টি ঋক এবং বাকিগুলিতে বারটি করিয়া ৭২টি ঋক— সর্ব্বসমেত ১৯৪টি ঋক। বিশ্বামিত্র পুত্র মধুচ্ছন্দা প্রথম দশটির দ্রষ্টা, একাদশের দ্রষ্টা মধুচ্ছন্দায় পুত্র জেতৃ। বাকিগুলি কণ্বপুত্র মেধাতিথির দৃষ্ট। দশম, একাদশ ও দ্বাদশ এই তিনটী সূক্ত অনুষ্টুপ্ ছন্দে রচিত, অন্য সমস্তগুলি গায়ত্রী ছন্দে রচিত। আমি গায়ত্রীকে বত্রিশ স্বরের অনুষ্টুপে অনুবাদ করিয়া এবং অনুষ্টুপকে ৫৬ স্বরে চারি চরণের পয়ারে অনুবাদ করিয়াছে।

এই কয়টি সূক্তে অগ্নি, বায়ু, ইন্দ্র, মিত্র, বরুণ, অশ্বিদ্বয়, বিশ্বদেবগণ, মরুৎগণ, বৃহস্পতি, পূষা, ভগ, আদিত্যগণ, ঋভু, ত্বষ্টা প্রভৃতি নানা দেবতার উল্লেখ আছে—তবে প্রধানতঃ অগ্নি ও ইন্দ্রদেবের মহিমাই বারংবার কীর্ত্তিত হইয়াছে। প্রথম সূক্তের ব্রহ্মযজ্ঞান্তে এবং অগ্নিষ্টোমে বিনিয়োগ, দ্বিতীয় বায়বীয় সূক্তের প্রাতঃসবণে সোমযাগে প্রউগশস্ত্রে বিনিয়োগ, এইরূপে এক একটী সূক্ত এক এক যজ্ঞে প্রয়োগ আছে।

দ্বিতীয় অধ্যায়ে যজ্ঞতত্ত্ব প্রবন্ধে যজ্ঞবিধির কথা বলিব। এই সব সূক্তে যে উপাসনার মন্ত্র পাই তাহাকে পশ্চিমের পণ্ডিতেরা জড়শক্তির উপাসনা বলিয়া ভুল করেন।

সূক্তগুলি বারংবার পড়িলে আমার কথার যথার্থতা উপলব্ধি হইবে। জড অগ্নি বা অগ্নির মাঝে যে শক্তি আছে, এই পূজা সেই জড় অগ্নি বা

জড় অগ্নির অন্তর্নিহিত শক্তির নয়। প্রথম ঋকে অগ্নিকে রত্নধাতম বলা হইয়াছে। কল্পনার কোনও প্রসারেই জড় অগ্নি বা তাহার অন্তঃলীন শক্তি রত্নধাতম নহে। এই সমস্ত মন্ত্রে বিশ্বের সেই মূল শক্তিকে সর্ব্বব্যাপী পরমেশ্বরকে পূজা করা হইতেছে।

ইহা আমার কথা নহে। সায়ণ বেদানুক্রমণিকায় লিখিতেছেন :— বাজসনেয়িশ্চামনন্তি। তদ্ যদিদমাহুঃ অমুং যজামুং যজেত্যেকৈকং দেবম্ এতস্যৈব সা বিসৃষ্টিরেষ উহ্যেব সর্ব্বে দেবা ইতি। তস্মাৎ সর্ব্বৈরপি পরমেশ্বর এব হূয়তে।

বাজসনেয় শাখা যাঁহারা অধ্যয়ন করেন, তাঁহারা বলেন,—"অমুং যজামুং যজ" ইহার পূজা কর, ইহার যজ্ঞ কর, ঐ সকল পূজা দ্বারা যে সমস্ত দেবতার প্রসন্নতা বর্দ্ধনের চেষ্টা, তাঁহারা সকলেই ইহার সৃষ্ট। সমস্ত যজ্ঞে সর্ব্বহুত পরমেশ্বরেরই অর্চ্চনা হইয়া থাকে।

সায়ণের এই নির্দ্দেশ মনে রাখিয়া আমাদের সূক্তগুলির আলোচনা করিতে হইবে। অগ্নি বিশ্বের কল্যাণ করেন, তাই ত তিনি বিশ্বের পুরোহিত, তিনি তাঁহার জ্যোতির্ম্ময় রূপে মানুষের হৃদয়ে জ্ঞানরত্ন সমাবেশ করেন, তিনি স্রষ্টা-কবি, তিনি বীর্য্যে আমাদের পরিপুষ্ট করেন, তিনি যশের বিমল বিভায় আমাদের প্রোজ্জ্বল করেন, তিনি আছেন বিশ্বের ভিতরে ও বাহিরে, তিনি সত্য, তাঁহার জ্ঞান, তাঁহার কর্ম্ম সীমার আড়াল মানে না, তাঁহারা অসীম ও অনন্ত। তিনি আমাদের জীবনের মুহূর্ত্তে মুহূর্ত্তে যে ভদ্র দান করিতেছেন, সে তাঁহারই যোগ্য, এই লেন দেনের লীলা চলিতেছে বলিয়াই তাঁহার বিশ্বনাটের খেলা চলিতেছে। তাঁহাকে হৃদয়ের গভীরতম মর্ম্মে আমরা অনুভব করিব, শ্রদ্ধায় নতি জানাইব। তিনি ঋতের আশ্রয়—যে ঋত এই বিশ্বকে ধারণ করে, সেই

ঋতের তিনি গোপ্তা, তাইত প্রতিদিন আমরা তাঁহার সঙ্গ কামনা করি। পিতা যেমন পুত্রের কল্যাণ করেন, তিনিও সুলভ হইয়া আমাদের কল্যাণ করুন। ইহাই ত প্রথম সূক্তের মর্ম্মার্থ। বার বার যদি আবৃত্তি করি, তাহা হইলে আমাদের মনে কি ভাব আসে? যজ্ঞস্থলীতে সজ্জিত অরণি—বেদীতে অগ্নি জ্বলিতেছে, কিন্তু ঋষির আহুতি ত কেবল জড় অগ্নিতে নয়। যিনি জ্ঞানের জ্ঞান, প্রাণের প্রাণ, ঋষি তাঁহারই উদ্দেশে প্রণতি জানাইতেছেন।

তারপর একাদশ সূক্তের কথাই ধরি। ইন্দ্র যিনি, তিনি সমুদ্রের মত ব্যাপক। মানুষের যত সাধনা সে সাধনা তাঁহারই মহিমার লীলা। মানুষের এই বিচিত্র সংস্কৃতি তাঁহারই গৌরবধ্বজা। তিনি যে করুণাময়, তাই মৃত্যুর গহ্বর-তললীন আমাদিগকেও তিনি আশীর্ব্বাদ করেন। তিনি অজ, নিত্য, অনাদি, তাইত তিনি জন্ম হইতে অমিত তেজে তেজস্বী, কবি মেধাবী, বিচিত্র বিশ্বকর্ম্মের মাঝেই তাঁহার প্রকাশ। শত্রুর জন্য ভয় করি সে আমাদেরই অন্যায়, আমরা যদি আত্মদৃষ্টি করি, যদি প্রেমের শরণ লই, তাহা হইলে তাঁহার অনুকম্পায় সমস্ত ভয় দূঢ় হইবে। ইন্দ্র ঈশান—তাহার দয়া বৃষ্টিধারার মত অজস্র বর্ষিত, আমাদের সাধনা অনুসারে আমরা পাইতে পারি। আমাদের তপস্যা বলে তিনি আমাদের সহজলভ্য হন।

দৃষ্টান্ত বাড়াইয়া লাভ নাই। এই সব সূক্তের ছত্রে ছত্রে দেবোপাসনা নহে, পাই সেই একমেবাদ্বিতীয়ম্ যিনি, তাঁহারই চরণে মানুষের স্বতোৎসারিত গীতাঞ্জলি। কবি রবীন্দ্রনাথের গীতাঞ্জলি প্রভৃতির গানের সহিত রসিক পাঠক মিলাইয়া পড়ুন, তাহা হইলে দেখিবেন এই অতি প্রাচীন কালেও একই সুর বাজিয়াছিল।

প্রথম অধ্যায় পরিচয়

দ্বিতীয় সূক্তে আমরা প্রথম সোমের সন্ধান পাই। সোম যে কী তাহা লইয়া পণ্ডিতদেরও বিশেষ সন্দেহ আছে। তৃতীয় অধ্যায়ে সোমতত্ত্ব আলোচনা করিব। চরক সংহিতা—'সোম নামোষধি রাজঃ পঞ্চদশপর্ণঃ স সোম ইব হীয়তে বর্দ্ধতে চ। সোম ওষধি রাজ, তাহার পঞ্চদশ পত্র। শুক্ল পক্ষে চন্দ্রকলার মত উহার এক এক পত্র সেইরূপে পঞ্চদশ দিনে উৎপন্ন হয়, পুনরায় কৃষ্ণপক্ষে চন্দ্রকলার ন্যায় প্রতিদিন এক একটী করিয়া তাহা ক্ষয় পাইয়া থাকে। এই অপূর্ব্ব লতার সন্ধান বোধহয় কেহ জানে না।

সোম অর্থে চন্দ্র অনেক সূক্তে পাই। সায়ণও অনেক সূক্তের ভাষ্যে সোমকে চন্দ্র হিসাবে ব্যাখ্যা করিয়াছেন। চন্দ্রকিরণকে সুধা বলা হয়। দেবগণের পানার্থ অলঙ্কৃত যে সোমধারা তাহা কি চাঁদেরই কিরণ, অথবা তাহা কোনও ওষধিজাত পানীয়? তাহা আজিকার দিনে নির্ণয় করা কঠিন। সোম প্রস্তুত করা একটী কলা বিশেষ—ইহাকে বৈদিক সোমাভিষব বলে। সোম কোথাও কোথাও রূপক ও আধ্যাত্মিক অর্থে ব্যবহার হইয়াছে, ইহা ঠিক, কিন্তু সর্ব্বত্র তাহাকে রূপক বলা মুস্কিল।

সমস্ত পড়িলে মনে হয়, সোমধারা আর্য্যগণের প্রিয় কোনও পানীয়—খুব সম্ভব মদ্য বিশেষ। তন্ত্রে মদ্যসাধকের ব্যাখ্যায় পাই—

> সোমধারা ক্ষরেদ্ যাতু ব্রহ্মরন্ধ্রাদ্ বরাননে।
> পীত্বানন্দময়ীং তাং যঃ স এব মদ্যসাধকঃ॥ আগমসার

মদ্যসাধকের মদ সাধারণ সুরা নহে, তাহা ব্রহ্মানন্দ। ব্রহ্মরন্ধ্রস্থিত সহস্র কমলদল হইতে ইহা ক্ষরিত হয়, সেই আনন্দ সুধা যে পান করে সেই মদ্যসাধক। এই রূপক এবং আধ্যাত্মিক ব্যাখ্যা খুব সম্ভব বাস্তব সুরাপানকে কল্পনায় মহিমাময় করিয়া প্রদত্ত হইয়াছে।

ত্রয়োদশ সূক্তটী আপ্রীসূক্ত নামে পরিচিত। সর্ব্বশুদ্ধ দশটি আপ্রী সূক্ত আছে এই সূক্তের প্রত্যেক ঋকে অগ্নির দ্বাদশ রূপের এক বিশিষ্ট রূপের বন্দনা—প্রথম সুসমিদ্ধ অর্থাৎ সম্যক্ প্রজ্জলিত অগ্নি, দ্বিতীয় তনূনপাৎ, তৃতীয় নরাশংস, চতুর্থ ইড়া নামক অগ্নি, পঞ্চম বর্হিনামক অগ্নি, ষষ্ঠ দেবী মূর্ত্তিধারী অগ্নি, সপ্তম দ্বার নামক অগ্নি, অষ্টম নক্তোষসা, নবম দৈব, হোতা ও প্রচেতা নামক অগ্নি, দশম সরস্বতী, ইড়া ও ভারতী নামক অগ্নি, একাদশ ত্বষ্ট্ নামক অগ্নি, দ্বাদশ বনস্পতি। পশুযাগে এই সূক্তের প্রয়োগ হইত। অগ্নির নরাশংস নাম অগ্নিপূজক পারসীকদের ধর্ম্মগ্রন্থ জেন্দ অবেস্তায় সামান্য পরিবর্ত্তিত রূপে পাওয়া যায়। পারসীকদের অগ্নি পূজার সঙ্গে আর্য্যদের অগ্নি পূজার সাদৃশ্য আছে। উভয় গ্রন্থের তুলনামূলক সমালোচনা বাঞ্ছনীয়। অগ্নির দ্বাদশ রূপের সহিত দ্বাদশ আদিত্যের কোনও সম্পর্ক আছে কিনা তাহাও অনুসন্ধেয়। বার মাসে জ্যোর্তিদীপ সূর্য্যের যে দ্বাদশ রূপ কল্পিত হইয়াছে, বোধহয় মর্ত্ত্যদীপ অগ্নিরও সেই রূপ দ্বাদশ রূপ কল্পিত হইয়াছে।

তৃতীয় সূক্তে অশ্বিনীকুমারদের কথা আছে। ইহারা দেব বৈদ্য বলিয়া বিখ্যাত। বেদেই তাহাদের অলৌকিক ক্ষমতার উপাখ্যান আছে। রাজা খেলের স্ত্রীর পা দুইভাগ হইয়া যায়, অশ্বিনীদ্বয় লৌহজঙ্ঘা দিয়া সে অভাব দূর করেন, তাহারা ঋজ্রশ্বের পিতার অন্ধতা দূর করেন, ব্রহ্মবাদিনী ঘোষার কুষ্ঠব্যাধি নিরাময় করেন। তাহারা বধিরকে শ্রুতি দেন, নপুংসককে বীর্য্যবান্ করেন।

পৌরাণিক আখ্যানে জানি যে, সূর্য্য অশ্বরূপে পলায়নমানা পত্নী সংজ্ঞাতে উপগত হন। ফলে যমজ অশ্বিনীকুমার জন্মগ্রহণ করেন। ইহাদিগের দস্র, নাসত্য, আশ্বিনেয়, বিশ্বেদেবা প্রভৃতি নামেও আহ্বান

করা হয়। ইহাদের লইয়া যে সব গল্প আছে তাহা সংগ্রহ করিলে এক মহাভারত রচনা হয়।

অতি প্রাচীন যাস্কও অশ্বিনীদ্বয় কি, তাহা লইয়া মাথা ঘামাইতেছেন। তিনি লিখিয়াছেন, কেহ তাহাদিগকে দ্যাবা পৃথিবী বলে, কেহ বা বলে অহোরাত্র, কেহ বা বলে সূর্য্যচন্দ্র, কেহ বা বলে পুণ্যবান্ নৃপতিযুগল। অর্দ্ধ রাত্রির পর এবং প্রভাতের আলোকের মাঝে অশ্বিনীদ্বয়ের আবির্ভাবকাল। যাস্কই যখন এই অন্ধকারে, তখন পথ কোথায়?

ইন্দ্র ঋগ্বেদের প্রধানতম দেবতা। তিনি বৃত্রহন্তা—এই বৃত্রকে আসিরীয় নরপতি বলা হয়। ইন্দ্র তাহাকে বধ করিয়া আর্য্যাবর্ত্তকে রক্ষা করেন—বেদও জেন্দ-অবেস্তা হইতে এই সত্য অনেকে আবিষ্কার করেন। কোনও বীর্য্যবান্ নরপতির পূজা দেবতা-পূজায় পর্য্যবসিত হইয়াছে ইহা অসম্ভব নহে। শ্রীরামচন্দ্র, শ্রীকৃষ্ণ প্রভৃতির ন্যায় ইন্দ্রও বোধহয় আদিতে কোনও মহামানব ছিলেন। সেই মহামানবের অর্চ্চনা কালক্রমে রূপকে ও কল্পনায় ভগবৎ আরাধনায় উন্নীত হইয়াছিল।

কেহ কেহ আবার বৃত্রবধকে বৃষ্টি পতনের রূপক বলেন। ইন্দ্র বজ্রের দ্বারা আঘাত করিয়া অহি বা মেঘ হইতে বৃষ্টি উৎপাদন করেন। ইন্দ্রদেবের হস্তে বজ্র, তাহার রথাশ্বের নাম হরি—তিনি জ্যোতির্ম্ময় লোকপাল দেবতা। তিনি জন্ম হইতেই জ্যেষ্ঠ—তিনি সুক্রতু ও শতক্রতু।

মরুৎগণ ইন্দ্রসখা। কশ্যপের ঔরসে দিতির গর্ভে ঊনপঞ্চাশ মরুতের জন্ম হয়—বিষ্ণুপুরাণ ইহাই বলেন। সায়ণ বলেন—কোনও সময়ে বৃত্রাসুরের বধকালে দেবগণ বৃত্রাসুরে নিঃশ্বাসে অপস্হৃত হইয়াছিলেন। এই সময় মরুদ্গণের সহিত ইন্দ্রদেবের সম্মেলন হয়।

ষষ্ঠ সূক্তের ব্যাখ্যায় সায়ণ পণিদের কথা উল্লেখ করিয়াছেন। পণিরা বোধহয় ফিনিসীয় বণিক, তাহারা বোধহয় ইন্দ্র নরপতির গোধন চুরি করিয়াছিল।

চতুর্দ্দশ সূক্তে অগ্নির রোহিত নামক বড়বাদের উল্লেখ আছে। বাডবানলের সহিত ইহার নিকট সম্পর্ক। পঞ্চদশ সূক্তে ঋতু দেবতার কথা পাই।

এই সমস্ত সূক্তগুলির অনেক স্থলে দেখি দেবতাযুগলকে আহ্বান করা হইয়াছে—মিত্রাবরুণ, ইন্দ্রাবরুণ, ইন্দ্রবায়ু। যুগ্ম দেবতায় বোধ হয় ভগবানের দ্বৈতরূপ বুঝাইবার চেষ্টা করা হইয়াছে—ইন্দ্র তিনি বজ্রধর, বরুণ তিনি পালয়িতা। এক হাতে বরাভয়, এক হাতে খড়্গ। দ্বৈত ভাবের এই সুন্দর কল্পনাটি পরে বিস্তৃতভাবে প্রকাশ করা হইবে। অষ্টাদশ সূক্তে কক্ষীবানের গল্প আছে। অপুত্রক কলিঙ্গরাজ আপন পত্নীকে দীর্ঘতমা মুনির সহিত সহবাস করিতে আদেশ করেন। মহিষী নিজে না গিয়া আপন দাসীকে পাঠাইয়া দেন, দাসীর গর্ভে কক্ষীবানের জন্ম হয়। সেই দাসীর নাম উশির। এই জন্য কক্ষীবানের নাম ঔশিজ। কক্ষীবান্ তপস্যায় দেবপ্রিয় হইয়াছিলেন। অষ্টাদশ সূক্তে ব্রহ্মণস্পতির প্রথম উল্লেখ—এই দেবতা ও বৃহস্পতি অভিন্ন বলিয়া মনে হয়।

উনবিংশ সূক্তটি কাব্যভাবে অতিশয় সুন্দর। ঋষির কল্পনা যেন এখানে বাধাহীন, ভাব এখানে স্বতঃস্ফূর্ত্ত। হৃদয় এখানে ভক্তিতে নত। এই সূক্তের সমুদ্র ও অর্ণব শব্দ হইতে আমরা বুঝি যে বৈদিক যুগেও ঋষিগণ সমুদ্রের সহিত পরিচিত ছিলেন।

ম্যাকডোনেল তাঁহার সংস্কৃত সাহিত্যের ইতিহাসে লিখিয়াছেন :—

The word which later is the regular name for ocean

(Sam-udra) seems therefore in agreement with its etymological sense (collection of water), to mean in the Rigveda only the lower course of the Indus, which after receiving the water of the Indus, is so wide that a boat in midstream is invisible from the bank" সায়ণ কিন্তু প্রচলিত অর্থেই সমুদ্রকে গ্রহণ করিয়াছেন। ম্যাকডোনেলের গবেষণা স্বকপোলকল্পিত মনে হয়।

ঋগ্বেদের কবিতায় পৌনঃপৌনিক উক্তি ও ভাব আছে। এই প্রথম অধ্যায়েই আমরা সমগ্র বেদের একটী ভাবসুন্দর ছবি পাই। যে তন্ময় ব্যাকুলতা মানুষের হৃদয়ে আধ্যাত্মিক তত্ত্বকমলের প্রতিষ্ঠা করে, ইহার ছত্রে ছত্রে সেই ব্যগ্র অধীরতা, জীবনের মাঝে অতীন্দ্রিয় স্পর্শের সেই আবেগ দেখি।

উনবিংশ শ্লোক যে সুমধুর কাব্যে সমাপ্ত, তাহার মাধুর্য্য অপরিসীম। সেই মধুময় আনন্দময় প্রার্থনা জানাইয়া এই অধ্যায় সমাপ্ত করি।

হে হৃদয়েশ্বর। সত্য ও ঋত যে বাণী তাহা তোমাকে অভয় আনন্দ দেয়। সেই বাণী মালার মত তোমাকে ঘিরিয়া চারিদিকে ফুটিয়া উঠুক। আমাদের যত বিবর্দ্ধন, তাহা তোমার সমৃদ্ধ জীবনকে অনুসরণ করে। আমাদের যে সম্ভোগ তাহা তোমারই সম্ভোগ।

মন্ত্রহীনং ক্রিয়াহীনং ভক্তিহীনং সুরেশ্বরি।
যৎ পুজিতং ময়া দেবি পরিপূর্ণং তদস্তু মে॥

ওঁ

৯ই জ্যৈষ্ঠ
১৩৪৯